

🔳 যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১১৮২

১/ বিবিধ

আরবী

صحة با أم يوسف! قاله لما شربت بوله ضعيف

قال في " المواهب اللدنية " (4/231) بشرح الزرقاني)

" وعن ابن جريج قال: أخبرت أن النبي صلى الله عليه وسلم كان يبول في قدح من عيدان ثم يوضع تحت سريره، فجاء فإذا القدح ليس فيه شيء، فقال لامرأة يقال لها : بركة كانت تخدم أم حبيبة جاءت معها من أرض الحبشة: أين البول الذي كان في القدح؟ قالت: شربته، قال: صحة يا أم يوسف! فما مرضت قط حتى كان مرضها الذي

ماتت فيه. رواه عبد الرزاق في " مصنفه ". ورواه أبو داود متصلا عن ابن جريج عن حكيمة عن أمها أميمة بنت رقيقة

قلت: إنما روى أبو داود منه أوله دون قوله: فجاء إلخ. وسنده موصول حسن ولذلك أوردته في "صحيح سنن أبي داود " (رقم 19) ، وقد أخرجه بتمامه موصولا البيهقي في " سننه " (7/67) لكن ليس عنده: "صحة.. إلخ " وكذلك أورده الهيثمي في " المجمع " (8/271) ، وزاد بدلها: " فقال النبي صلى الله عليه وسلم: لقد احتظرت من النار بحظار " وقال: رواه الطبراني ورجاله رجال الصحيح غير عبد الله بن أحمد بن حنبل وحكيمة

وكلاهما ثقة



وهو في " كبير الطبراني " (24/205/527)

قلت: فدل هذا على ضعف هذه الزيادة: "صحة "؛ لشذوذها وإرسالها

বাংলা

১১৮২। তোমার স্বাস্থ্যের উপকারের জন্য হে ইউসুফের মা (রসূল) তাকে এ কথা বলেন যখন সে তার পেশাব পান করে ফেলেছিল।

হাদীসটি দুর্বল।

হাদসীটি "আল-মাওয়াহেবুল লাদুনিয়্যাহ" গ্রন্থে (৪/২৩১) উল্লেখ করা হয়েছে। ইবনু জুরাইজ হতে বর্ণিত হয়েছে তিনি বলেনঃ আমাকে সংবাদ দেয়া হয়েছে যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একটি কাঠের পিয়ালাতে পেশাব করতেন অতঃপর তা তার খাটের নিচে রেখে দেয়া হতো। তিনি একদা এসে দেখলেন সে পেয়ালাতে কিছুই (পেশাব) নেই। তাই তিনি বারাকাহ নামের এক মহিলাকে জিজ্ঞেস করলেন যে উম্মু হাবীবার খেদমাত করত তাকে সে হাবশা থেকে সাথে করে নিয়ে এসেছিলঃ পেয়ালাতে থাকা পেশাবগুলো কোথায়? সে বললঃ আমি পেশাব পান করে ফেলেছি। তিনি বললেনঃ তোমার স্বাস্থ্যের উপকারের জন্য হে ইউসুফের মা! অতঃপর সে মহিলা আর কখনও রোগাক্রান্ত হয়নি সেই রোগ ব্যতীত যে রোগে সে মারা যায়।

এ হাদীসটি আব্দুর রাযযাক তার "মুসান্নাফ" গ্রন্থে বর্ণনা করেছেন। আবু দাউদও মুক্তাসিল হিসেবে ইবনু জুরায়েয সূত্রে হুকায়মাহ হতে, তিনি তার মা উমাইমাহ বিনতু বুকাইকাহ হতে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ আবু দাউদ তার থেকে মুস্তাসিল হাসান সনদে "...অতঃপর তা তার খাটের নিচে রেখে দেয়া হতো" এ পর্যন্ত বর্ণনা করেছেন। আর এ কারণেই আমি (এ পর্যন্ত) আবু দাউদ কর্তৃক বর্ণিত উক্ত হাদীসকে "সহীহ আবী দাউদ" গ্রন্থে (১৯) উল্লেখ করেছি।

বাইহাকী তার "সুনান" গ্রন্থে (৭/৬৭) মুত্তাসিল সনদে হাদীসটি উল্লেখ করেছেন তবে তিনি "তোমার স্বাস্থ্যের উপকারের জন্য হে ইউসুফের মা!..." এ থেকে শুরু করে শেষ পর্যন্ত অংশকে উল্লেখ করেননি।

অনুরূপভাবে হায়সামী "আল-মাজমা" গ্রন্থে (৮/২৭১) উল্লেখ করেছেন। তবে তিনি বাইহাকীর বাদ দেয়া অংশের পরিবর্তে "নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ তুমি তো জাহান্নামের আগুন থেকে রক্ষাকারী বস্তুকে গ্রহণ করেছো" এ অংশটুকু বৃদ্ধি করে বর্ণনা করে বলেছেনঃ ত্ববারানী হাদীসটি বর্ণনা করেছেন আর তার বর্ণনাকারীগণ সহীহ গ্রন্থের বর্ণনাকারী আব্দুল্লাহ ইবনু আহমাদ ইবনে হাম্বাল ও হুকায়মাহ ছাড়া। আর তারা দু'জনই নির্ভরযোগ্য।

আমি (আলবানী) বলছিঃ এ থেকে প্রমাণিত হচ্ছে যে, "তোমার সাস্থের উপকারের জন্য হে ইউসুফের মা ..." এ বর্ধিত অংশ দুর্বল। এ অংশটি শায এবং মুরসাল হওয়ার কারণে।



হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন